
দৈনিক

কমলনগরের ফলকন উচ্চ বিদ্যালয়

# সেশন ফি ৬৮০ টাকা না দিলে বই পাচ্ছে না শিক্ষার্থীরা

মুছাকালিমুল্লাহ, কমলনগর ●

লক্ষ্মীপুরের কমলনগর উপজেলার ফলকন উচ্চ বিদ্যালয়ে বিনামূল্যের পাঠ্যবই বিতরণে ছাত্রছাত্রীদের কাছ থেকে মোটা অঙ্কের অর্থ আদায় করা হচ্ছে। সেশন



ফির অজুহাত দেখিয়ে স্কুল কর্তৃপক্ষ শিক্ষার্থীপ্রতি ৬৮০ টাকা করে এ অর্থ আদায় করছেন। দাবিকৃত টাকা পরিশোধকারীদের ভাগ্যেই ঝুটেছে বিনামূল্যের পাঠ্যবই। আর যেসব শিক্ষার্থী এ টাকা দিতে পারেনি 'বই উৎসবের' দিন তাদের হাতে ওঠেনি বিনামূল্যের বই। বই উৎসবের দিন গতকাল রোববার সরেজমিন গিয়ে বিদ্যালয়টির ছাত্রছাত্রীদের সঙ্গে কথা বলে জানা যায় এসব তথ্য। এ সময় বিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার্থীদের বিক্ষোভ করতে দেখা যায়। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা জানায়, সরকার শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে পাঠ্যবইয়ের ব্যবস্থা করলেও ফলকন উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষ অর্থ আদায় ছাড়া ছাত্রছাত্রীদের বই দিচ্ছে না। বই বিতরণের জন্য সেশন ফির অজুহাত দেখিয়ে তাদের কাছ থেকে ৬৮০ টাকা করে আদায় করা হচ্ছে। যেসব শিক্ষার্থী এ টাকা দিয়েছে, কেবল তারাই বিনামূল্যের বই হাতে পেয়েছে। বাকিদের খালি হাতে বাড়ি এরপর পৃষ্ঠা ৯ কলাম ১

## সেশন ফি ৬৮০ টাকা না

(৩ এর পৃষ্ঠার পর) ফিরতে হচ্ছে। বিদ্যালয়ে নবম শ্রেণির শিক্ষার্থী মো. নোমান জানান, এবারের জেএসসি পরীক্ষায় সে জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়। নদীভাঙনজনিত পারিবারিক অভাব-অনটনের কারণে ২০০ টাকা নিয়ে নতুন ক্লাসের বইয়ের জন্য বিদ্যালয়ের এক শিক্ষকের কাছে যায়। কিন্তু ওই শিক্ষক তার কাছ থেকে ২০০ টাকা নিয়ে আরও ৪৮০ টাকা পরিশোধ না করা পর্যন্ত বই দেওয়া যাবে না বলে তাকে খালি হাতে ফিরিয়ে দেয়।

বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র নূর আলম, রাজীব, শিমুল ও সাব্বির জানায়, বই পাওয়ার জন্য তারা বিদ্যালয়ের শিক্ষকদের কাছে জনপ্রতি ৫০০ টাকা করে জমা দিয়েছে। এ সময় বিদ্যালয়ের অফিসকক্ষে গিয়ে দেখা যায়, সহকারী প্রধান শিক্ষক ইব্রাহীম খলিল, সহকারী শিক্ষক আবদুস সামাদ ও অফিস সহকারী মো. সামছুদ্দিন বই বিতরণের জন্য ছাত্রছাত্রীদের কাছ থেকে বিভিন্ন অঙ্কের অর্থ আদায় করছেন। বিনামূল্যের বই বিতরণে অর্থ আদায়ের বিষয়ে তাদের কাছে জানতে চাইলে তারা বলেন, বইয়ের মূল্যে নয়, সেশন ফি বাবদ ছাত্রছাত্রীদের কাছ থেকে এ অর্থ নেওয়া হচ্ছে। তবে 'কোনো কারণ দেখিয়ে বই বিতরণের সময় শিক্ষার্থীদের কাছ থেকে টাকা নেওয়া যাবে না' শিক্ষা মন্ত্রণালয়ের এ নির্দেশনার কথা বলা হলেও তারা কোনো মন্তব্য করেননি।

এ ব্যাপারে জানতে চাইলে বিদ্যালয়ের প্রধান শিক্ষক বই বিতরণের জন্য ছাত্রছাত্রীদের কাছ থেকে সেশন ফির নামে ৫০০-৬৮০ টাকা করে আদায়ের সত্যতা স্বীকার করে বলেন, বই বিতরণের সময় সব শিক্ষাপ্রতিষ্ঠানই ছাত্রছাত্রীদের কাছ থেকে এ রকম অর্থ নিয়ে থাকে।

তবে বিষয়টি নিয়ে কোনো সংবাদ প্রকাশ না করার জন্য তিনি অনুরোধ করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আহসান উল্যাহ চৌধুরী জানান, ফলকন উচ্চ বিদ্যালয়ে বই বিতরণকালে ছাত্রছাত্রীদের কাছ থেকে অর্থ আদায়ের বিষয়টি স্থানীয়রা তাকে জানিয়েছেন। তদন্ত করে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবেও বলে তিনি জানান।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা বলেন, বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। বিনামূল্যের বই বিতরণের সময় অর্থ আদায়কারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।